

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
[www.dowarabazar.sunamganj.gov.bd](http://www.dowarabazar.sunamganj.gov.bd)

বিষয়	ঃ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ	ঃ ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।
সময়	ঃ বেলা ১০.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি	ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।


মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন এ উপজেলার প্রায় প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামত করা প্রয়োজন। কোন কোন বিদ্যালয়ের ছাদ হতে পানি পড়ে রুম স্যাত স্যাত থাকে, সে রুমে পাঠদান অস্বস্তিকর বলে তিনি উ- খ করেন। তিনি মেরামতের জন্য তালিকা করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন সদ্য জাতীয়করণ হওয়া বিদ্যালয়গুলোতে ভবন নির্মাণ করা অতীব জরুরী। সদ্য জাতীয়করণ হওয়া বিদ্যালয়গুলোকে অগ্রাধিকার দিয়ে ভবনের তালিকা করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।

উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন বর্তমানে দেশের সর্বত্রই ডিজিটাল পদ্ধতির মাধ্যমে কার্যক্রম করা হচ্ছে, তাই তিনি এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের আইটি বিষয়ে প্রশিক্ষণের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত সমূহঃ

১. এ উপজেলার প্রায় প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামত জন্য তালিকা করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।
২. সদ্য জাতীয়করণ হওয়া বিদ্যালয়গুলোতে ভবন নির্মাণ লক্ষ্যে অগ্রাধিকার দিয়ে ভবনের তালিকা করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।
৩. উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের আইটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে সুপারিশ জানানো হয়।



(মোঃ রফিকুল ইসলাম)

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

তারিখঃ- ০৯/১২/২০২১ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/২০-১২৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কাষার্থে :


২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলা .....অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান, .....ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ কপি।

  
(পঙ্কজন কুমার সানা)

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

ও

সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।